# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৬৯

১/ বিবিধ

আরবী

سيأتيكم عني أحاديث مختلفة، فما جاءكم موافقا لكتاب الله ولسنتي فهو مني، وما جاءكم مخالفا لكتاب الله ولسنتي فليس مني

ضعيف جدا

أخرجه ابن عدي في " الكامل " (200/2) والدارقطني (513)

والخطيب في " الكفاية في علم الرواية " (430) عن صالح بن موسى عن عبد العزيز بن رفيع عن أبي صالح عن أبي هريرة مرفوعا به

وقال ابن عدي وقد ذكر له أحاديث غير هذا

وهذه الأحاديث عن عبد العزيز غير محفوظة، إنما يرويها عنه صالح بن موسى، قال ابن معين: ليس بشيء، وقال البخاري: منكر الحديث، وقال النسائي

متروك الحديث

وفي " الضعفاء " للذهبي: ضعفوه

وفي " التقريب ": متروك

বাংলা

১০৬৯। শীঘ্রই আমার থেকে তোমাদের নিকট বিভিন্নমুখী হাদীস বর্ণিত হয়ে আসবে। সেগুলো হতে যা কিছু আল্লাহর কিতাব ও আমার সুন্নাতের সাথে মিলবে সেটি আমার থেকে বর্ণিত আর যা কিছু আল্লাহর কিতাব ও আমার সুন্নাতের সাথে মিলবে না তা আমার থেকে বর্ণিত নয়।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (২/২০০), দারাকুতনী (৫১৩) ও আল-খাতীব "আল-কিফাইয়্যাহ কী ইলমির রেওয়্যাহ" গ্রন্থে (৪৩০) সালেহ ইবনু মূসা হতে, তিনি আবদুল আযীয ইবনে রাফে’ হতে, তিনি আবূ সালেহ হতে, তিনি আবূ হুরাইরাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী তার এ হাদীসটি ছাড়াও অন্য কয়েকটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ এ হাদীসগুলো আব্দুল আযীয হতে নিরাপদ নয়। এগুলো তার থেকে সালেহ ইবনু মূসা বর্ণনা করেছেন। তার সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ তিনি কিছুই না। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। নাসাঈ বলেনঃ তিনি মাতরূকুল হাদীস ।

হাফিয যাহাবীর "আয-যুয়াফা" গ্রন্থে এসেছেঃ মুহাদ্দিসগণ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

“আত-তাকরীব” গ্রন্থে এসেছেঃ তিনি মাতরূক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71948

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন